

গান্ধী-মূর্তি নিয়ে ক্ষোভ



08-Jun-2024, 2:32PM



16



3



সংসদ ভবনের পাশ থেকে সরিয়ে সংসদ চত্বরের 'প্রেরণা স্থলে' নিয়ে যাওয়া হয়েছে মোহনদাস কর্মচন্দ গান্ধীর মূর্তি। রাখা হয়েছে অন্যান্য মূর্তির সঙ্গে। এই নিয়ে ক্ষোভ প্রকাশ করলেন তৃণমূল সাংসদ জহর সরকার। শনিবার এক্স-এ সেখানকার ছবি দিয়ে সাংসদ লিখেছেন, "গান্ধীর মূর্তি সরিয়ে বাকি মূর্তির ভিড়ে নিয়ে গিয়েছেন মোদী। বলা হচ্ছে, এটা নাকি অভ্যাগতদের দেখার জন্য করা হয়েছে। কিন্তু কত জন অতিথিকে এখানে আসতে দেওয়া হয়? আসলে ঘুরপথে আমাদের প্রতিবাদের জায়গা ধ্বংস করার পরিকল্পনা করেছেন মোদী।"